

## অনুভব

-সাধন সরকার

(১৯৭৬)

একটি সুর  
কম্পন সংখ্যা ? যাই হোক  
প্রশ্ন তোলেনা কেউ  
একটি হৃদয়,  
শুধুই গলে  
হৃদয় আর সুরের মিলন ঘটে  
রসের জন্মতো তখনই ।  
অনুভবে আনন্দ । ।  
একটি বাগান  
যত্নে সাজানো  
নানা বর্ণের অজস্র গোলাপ  
আকর্ষনের মোহিনী শক্তি প্রচুর  
মন, নাচে  
চোখ জুড়ায় কিম্ব  
নাসা সর্বনাশা  
সশব্দে শ্রাণ নিতে গিয়ে  
হতাশ হয়, দীর্ঘ নিশ্বাস ফেলে  
হৃদয় কে শাসন ক'রে প্রশ্ন তোলে  
উত্তর খুঁজতে গিয়ে, হৃদয়  
বিমর্ষ,  
হতাশ,  
অবসন্ন,  
এ তিনের আবর্তে পড়ে যায়  
কি জন্ম নেয় তখন ?  
নাম তার বঞ্চনা ।  
অনুভবে দুঃখ । ।

---\*\*---